ইরানের জাতীয় নিরাপত্তাপ্রধানকে চিঠি ভ্যান্সের, কী লেখা ছিল তাতে?



যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে সম্ভাব্য যুদ্ধবিরতি আলোচনা পুনরায় শুরুর বিষয়ে তেহরানের জাতীয় নিরাপত্তাপ্রধান মোহসেন রেজায়িকে চিঠি পাঠিয়েছেন মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। চিঠিতে সম্ভাব্য মার্কিন হামলা এড়াতে পারমাণবিক ইস্যুতে আলোচনা করার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। বুধবার (২৮ অক্টোবর) এক মার্কিন কর্মকর্তার বরাতে এ তথ্য জানিয়েছে অ্যাক্সিওস।

প্রতিবেদন অনুযায়ী, চিঠিটি নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও আগ্রহী ছিলেন। এর আগে এ বিষয়ে খবর প্রকাশ করে দ্য ওয়াল স্ট্রিট জার্নাল। তবে চিঠি পাঠানোর নির্দিষ্ট সময় জানা যায়নি। কয়েক মাসের মধ্যে ওয়াশিংটন থেকে তেহরানে এটিই সর্বোচ্চ পর্যায়ের যোগাযোগ বলে জানিয়েছে অ্যাক্সিওস।

এদিকে, সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তানের প্রতিনিধিদের সঙ্গে আলোচনার পর গত মঙ্গলবার রেজায়ি ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনির সঙ্গে বৈঠক করেন।

অন্যদিকে, হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজের মাইনে আঘাত করার বিষয়ে ইরানি গণমাধ্যমের প্রতিবেদন অস্বীকার করেছে মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম)। বুধবার এক্সে দেওয়া বিবৃতিতে সংস্থাটি জানায়, প্রণালির আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রধান নৌপথগুলো মাইনমুক্ত করা হয়েছে এবং সেগুলো এখনো নিরাপদ রয়েছে বলে মার্কিন বাহিনী জানিয়েছে।